

রাজশাহীতে বিএসএফ-এর গুলিতে ২ বাংলাদেশী নাগরিকের মৃত্যুঃ
আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর নিন্দা ও গভীর উদ্বেগ

১০ ডিসেম্বর, ২০১৭ তারিখে রাজশাহীর গোদাগাড়ী উপজেলার ভুবনপাড়া সীমান্তে দুই বাংলাদেশী নাগরিককে গুলি করে হত্যা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এ ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে উদ্বেগ প্রকাশ করেছে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, ১০ ডিসেম্বর, ২০১৭ তারিখে কয়েকজন বাংলাদেশিকে পেছন থেকে গুলি করে বিএসএফ। এতে ঘটনাস্থলেই দুজন মারা যান। নিহতরা হলেন ভুবনপাড়া গ্রামের জালাল উদ্দিনের ছেলে আবু নাশরাফ (২৯) এবং আলাউদ্দিনের ছেলে এছারুল ইসলাম মিঠু (২৭)। পরে বিএসএফ নাশরাফের লাশ নিয়ে যায়। খবর পেয়ে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত হন। বিজিবির পক্ষ থেকে জানানো হয়, নিহত একজনের মরদেহ দেশে ফিরিয়ে আনার জন্য বিএসএফের কাছে পতাকা বৈঠকের প্রস্তাব পাঠানো হয়েছে।

আইন ও সালিশ কেন্দ্র (আসক) মনে করে, সীমান্তে নিরস্ত্র মানুষকে গুলি করে হত্যার ঘটনা কোনোভাবেই মেনে নেয়া যায় না। আসক এ ঘটনার সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচার দাবি করছে এবং সীমান্তে হত্যা ও নির্বিচারে গুলি চালানো বন্ধে দুই দেশের সরকারকে উদ্যোগী হওয়ার আহ্বান জানাচ্ছে।